

প্রায় ১ লাখ শিক্ষক নিয়োগ আবেদনের আজই শেষদিন

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ১২:০৮, ৯ মে ২০২৪



শিক্ষক নিয়োগ।

দেশে বেসরকারি স্কুল, কলেজ ও মাদরাসায় ৯৬ হাজার ৭৩৬ পদে শিক্ষক নিয়োগ দেবে সরকার। এই শূন্যপদে শিক্ষক নিয়োগের ৫ম গণবিজ্ঞপ্তিতে আবেদন গ্রহণ শেষ হচ্ছে আজ বৃহস্পতিবার (৯ মে)। রাত ১২টা পর্যন্ত অনলাইনে করা যাবে আবেদন। আর ফি জমা দেওয়ার সময়সীমা শেষ হবে আগামীকাল শুক্রবার।

UNIBOTS

এক বিজ্ঞপ্তিতে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) জানায়, ৯৬ হাজার ৭৩৬টি শূন্যপদের মধ্যে স্কুল অ্যান্ড কলেজে পদ সংখ্যা ৪৩ হাজার ২৮৬, মাদরাসা ও কারিগরি প্রতিষ্ঠানে ৫৩ হাজার ৪৫০টি পদে শিক্ষক নিয়োগ দেওয়া হবে।

চলতি মাসেই ৫ম গণবিজ্ঞপ্তিতে নিয়োগের প্রাথমিক সুপারিশ করতে চায় এনটিআরসিএ। এজন্য আগামী সপ্তাহে টেলিটকের সঙ্গে সভা করবে সংস্থাটি। ওই সভায় কবে নাগাদ প্রাথমিক সুপারিশ করা হতে পারে সে বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হতে পারে।

আরও পড়ুন: অস্ট্রেলিয়ায় যেতে ইচ্ছুক শিক্ষার্থীদের জন্য দুঃসংবাদ

এ বিষয়ে এনটিআরসিএ সচিব ওবায়দুর রহমান বলেন, ৫ম গণবিজ্ঞপ্তির প্রাথমিক সুপারিশ কবে করা হবে সে বিষয়ে এখনই কিছু বলা যাচ্ছে না। আমরা চেষ্টা করব চলতি (মে) মাসে প্রাথমিক সুপারিশ করার।

এর আগে গত ৩১ মার্চ বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে ৯৬ হাজার ৭৩৬টি পদে শিক্ষক নিয়োগের গণবিজ্ঞপ্তি প্রকাশ করে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)। গত ১৭ এপ্রিল থেকে গণবিজ্ঞপ্তিতে আবেদন গ্রহণ শুরু হয়। আবেদন ফি জমা দেওয়া যাবে ১০ মে রাত ১২টা পর্যন্ত।

আবেদনের জন্য আবেদনকারীকে নির্ধারিত ১০০০ (এক হাজার) টাকা ফি দিতে হবে। নির্ধারিত ফি পরিশোধ না করলে আবেদনটি বাতিল বলে গণ্য হবে। প্রার্থীরা এই <http://ngi.teletalk.com.bd>

অথবা <http://www.ntrca.gov.bd> ওয়েবসাইটের মাধ্যমে আবেদন করছেন।
